Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-740
বিষয়: গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থী ও প্রজনন স্বাস্থ্য সংক্রান্ত গোপনীয়তা
শ্রেণি: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 30 জানুয়ারি, 2020

## পরিবর্তনের সারাংশ

**এই প্রবিধান 5 নভেম্বর, 2000 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-740 কে রহিত করে।**

**পরিবর্তনসমূহ:**

- শিক্ষার্থীদের গর্ভধারণ করার কারণে বৈষম্য, হয়রানি, হুমকি এবং/অথবা বুলির শিকারে পরিণত হওয়া থেকে মুক্ত থাকার এবং এসব ঘটনা জানানর প্রক্রিয়ার ব্যাখ্যা দেওয়া হয়েছে। (সেকশন II.D)
- এই প্রবিধান সম্পর্কে তথ্য প্রদানের জন্য প্রিন্সিপ্যালের দায়িত্বের ব্যাখ্যা দেওয়া হয়েছে। (সেকশন III.A.1 এবং সেকশন III.A.3)
- গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদের অর্পিত কাজ (অ্যাসাইনমেন্ট), ক্লাসের কাজ, এবং বাড়তি সহায়তা প্রদানের বিষয় ব্যাখ্যা করা হয়েছে। (সেকশন III.A.2).
- শিক্ষার্থী, পিতামাতা এবং অভিভাবকদের দুধ খাওয়ানর নির্ধারিত স্থানগুলোতে প্রবেশাধিকার সম্পর্কিত DOE-এর নীতি ব্যাখ্যা করা হয়েছে। (সেকশন III.A.5)
- গর্ভবতী বা সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদের বাড়িতে শিক্ষা নির্দেশনা লাভের সম্ভাব্য যোগ্যতা সম্পর্কিত নিয়ম ব্যাখ্যা করা হয়েছে। (সেকশন III.C.1)
- 'লিভিং ফর দা ইয়াং ফ্যামেলি থ্রু এডুকেশন' প্রোগ্রাম (অল্পবয়সী পিতামাতাদের শিক্ষা কর্মসূচিসহ জীবনযাপন) সম্পর্কে তথ্য প্রদানে স্কুলের দায়িত্ব এবং এ ধরনের প্রোগ্রামের বিবরণের ব্যাখ্যা করা হয়েছে। (সেকশন III.C.2 এবং সেকশন IV.D)
- ডাক্তারি সহাযতাকামী গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদের সহায়তাদান এবং সহায়ক পরিষেবা প্রদানে স্কুল স্টাফদের সক্ষমতা সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে। (সেকশন V.F)
- তদন্তের জন্য যোগাযোগের তথ্য হালনাগদ করা হয়েছে। (সেকশন VI)।

**সার-সংক্ষেপ**

**এই প্রবিধান 13 নভেম্বর, 2008 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-740 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়।**

**স্কুলে যাওয়া বাধ্যতামূলক এমন বয়সের গর্ভবতী শিক্ষার্থীদের বাধ্যতামূলকভাবে স্কুলে যেতে হবে, যদি না শারীরিক কারণে এর বিপরীতে কোন কিছু থাকে। এই প্রবিধানের উদ্দেশ্য এই নীতি বাস্তবায়নে স্কুল কর্তৃপক্ষের ভূমিকা ও দায়িত্ব ব্যাখ্যা করা। এর অন্তর্ভুক্ত আছে শিক্ষার্থীর গর্ভকালে ও পরবর্তিকালের প্রক্রিয়াসমূহ, যেগুলোর জন্য স্কুল দায়বদ্ধ।**

## I. উপরিচিত্র

DOE এটা নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ যে, গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদের সেসব প্রোগ্রাম ও পরিষেবা করা হচ্ছে, যেগুলো তাদেরকে বিশেষভাবে সামঞ্জস্যপূর্ণ DOE-এর আইন ও নীতি অনুযায়ী সম্পূর্ণরূপে লেখাপড়া চালিয়ে যেতে সক্ষমতা দেয়।

## II. গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদের অধিকার

A. স্কুলে যাওয়া বাধ্যতামূলক এমন বয়সের গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদেরকে বাধ্যতামূলকভাবে স্কুলে যেতে হবে। এসব শিক্ষার্থীদের অধিকার রয়েছে তাদের স্কুলে অবস্থান করার এবং তাদের শিক্ষা অব্যাহত রাখার জন্য প্রোগ্রাম ও পরিষেবা লাভের এবং গর্ভধারণকালে এবং/অথবা ও শিক্ষার্থী পিতামাতা হিসেবে স্কুলে সম্পূর্ণরূপে স্কুলে অংশগ্রহণ করার।

B. গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদের অধিকার আছে সেসব ক্লাস ও পাঠক্রম বহির্ভূত কর্মকাণ্ডসহ সকল শিক্ষাগত প্রোগ্রাম ও কর্মকাণ্ডে সম্পূর্ণরূপে অংশগ্রহণের, যেগুলোতে তারা নির্দিষ্ট কোনো ডাক্তারি দায়মোচনের সনদ ব্যতীত কেবল গর্ভবতী ও সন্তান লালনপালনকারী বলে অংশগ্রহণের যোগ্য।

C. যদি ডাক্তারি কারণে কোনো ছুটি আবশ্যক বলে নির্ধারিত হয়, সে ছুটি শেষে শিক্ষার্থীকে বাধ্যতামূলকভাবে তাদের রেকর্ডে থাকা স্কুলে ফিরতে হয় এবং তাদের অধিকার থাকে অবিলম্বে পুনর্বহাল লাভের। স্কুলকে অবশ্যই যথোপযুক্ত প্রাতিষ্ঠানিক ও গাইড্যান্স সহায়তার ব্যবস্থা করতে হয় যাতে শিক্ষার্থী তার নিয়মিত স্কুল প্রোগ্রামে ফিরে যেতে সক্ষম হয়।

D. চ্যানেসলরের প্রবিধান A-830 এবং A-832 এবং ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন অনুযায়ী শিক্ষার্থীদের অধিকার আছে গর্ভধারণ করার কারণে বৈষম্য, হয়রানি, হুমকি এবং/অথবা বুলির শিকারে পরিণত হওয়া থেকে মুক্ত থাকার। যেসব শিক্ষার্থী বিশ্বাস করে যে তারা গর্ভধারণের কারণে বৈষম্য, হয়রানি, হুমকি এবং/অথবা বুলির শিকারে পরিণত হয়েছে, তারা প্রিন্সিপ্যাল বা প্রিন্সিপ্যালের ভারপ্রাপ্ত ব্যক্তি কিংবা অন্য কোনো স্কুল স্টাফের কাছে রিপোর্ট করতে পারবে। এ ধরনের রিপোর্ট-এর বিষয় চ্যান্সেলরের প্রবিধানA-830 এবং/অথবা A-832 অনুযায়ী বিহিত করতে হবে। যেসব শিক্ষার্থী বিশ্বাস করে যে তারা গর্ভধারণের সাথে সংশ্লিষ্ট কারণে কোনো DOE নিযুক্ত ব্যক্তির কাছে বৈষম্য বা হয়রানির শিকারে পরিণত হয়েছে, সেক্ষেত্রেও তারা অফিস অব ইক্যুয়াল অপরচুনিটি অ্যান্ড ডাইভারসিটি ম্যানেজমেন্ট (OEO)-এ অনলাইনে https://www.nycenet.edu/oeo ওয়েবপেজে কমপ্লেন্ট ফরম পূরণ করে, (718) 935-3320 নম্বরে ফোন করে, (718) 935-2531 নম্বরে ফ্যাক্স করে, অথবা ডাকযোগে 65 Court Street, Brooklyn, NY 11201 ঠিকানায় অভিযোগ করতে পারে।

## III. প্রিন্সিপ্যাল ও স্কুল স্টাফদের দায়িত্ব

A. প্রিন্সিপ্যালের দায়িত্ব

1. এই প্রবিধানের অধীনে স্কুলের গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদের অধিকার সম্পর্কে স্টাফদের সচেতন করা হয়েছে, সেবিষয়টি নিশ্চিত করার জন্য প্রতিটি মিডল্ ও হাই স্কুলের প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে প্রতিটি শিক্ষা বছরে সকল স্টাফদের নিয়ে এই প্রবিধান পর্যালোচনা করতে হবে।
2. গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীরা যদি গর্ভধারণের সাথে সংশ্লিষ্ট কারণে অনুপস্থিত থাকে, তাহলে তারা যাতে ক্লাসের বাধ্যবাধকতাগুলো মেনে চলতে পারে, সেটা নিশ্চিত করার জন্য অর্পিত কাজ, ক্লাসের কাজ, এবং বাড়তি সহায়তা প্রদান করতে হবে।
3. সেকশন V-এ নির্ধারিত গোপনীয়তার বিধি অনুযায়ী কোনো শিক্ষার্থী গর্ভবতী বা তার কোন সন্তান রয়েছে, সেটা জানার পর প্রিন্সিপ্যালের দায়িত্ব হলো শিক্ষার্থীকে এই প্রবিধান সম্পর্কে, গর্ভধারণ সংক্রান্ত স্বাস্থ্য বিষয়ক তথ্য, শিশু পরিচর্যার তথ্য এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবার তথ্য জানার সুযোগ প্রদান করা। প্রিন্সিপ্যাল এসব তথ্য জানানর দায়িত্ব অর্পণ করতে পারেন কোনো গাইডেন্স কাউন্সিলর, স্বাস্থ্য শিক্ষার শিক্ষক, বা সংশ্লিষ্ট অন্য কোনো প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তার উপর। তদুপরি, প্রিন্সিপ্যাল বা দায়বদ্ধ ফ্যাকাল্টি সদস্যকে শিক্ষার্থীদেরকে তাদের শিক্ষাগত অধিকার ও দায়-দায়িত্ব সম্পর্কে জানাবেন এবং শিক্ষার্থীদের যথাযথ প্রাতিষ্ঠানিক সহায়তা ও গাইড্যান্স সাপোর্ট সার্ভিস দিয়ে সহায়তা করবেন যাতে তারা তাদের শিক্ষা অব্যাহত রাখতে সক্ষম হয় এবং গর্ভকালে ও শিক্ষার্থী পিতামাতা হিসেবে স্কুলে সম্পূর্ণরূপে অংশগ্রহণ করতে পারে। ভারপ্রাপ্ত ফ্যাকাল্টি সদস্য প্রিন্সিপ্যালের তত্বাবধানে কাজ করবেন ও শিক্ষার্থীর জন্য সার্ভিসসমূহ প্রদানের বিষয়টি সমন্বয় করবেন।
4. শিক্ষার্থী হিসেবে নিয়মিত স্কুল প্রোগ্রামে অংশগ্রহণ যদি কোনো গর্ভবতী শিক্ষার্থীর শারীরীক কারণে সীমিত হয়, তাহলে সে শিক্ষার্থীর অথবা তার পিতামাতার দায়িত্ব হলো শিক্ষার্থীর স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে থেকে স্কুলে যথাযথ কাগজপত্র উপস্থাপন করা। প্রিন্সিপ্যাল বা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে স্বাস্থ্যসেবা প্রদানকারীর সুপারিশের সাথে সামঞ্জস্যক্রমে একটি শিক্ষা পরিকল্পনা তৈরির প্রক্রিয়া নির্ধারণ করতে হবে। শিক্ষার্থীর স্বাস্থ্যগত বিষয়ে কোনো বিশেষ বিবেচনার প্রয়োজন হলে পাঠ্যবিষয়বস্তুর শিক্ষার্থীদেরকে জানিয়ে রাখতে হবে। যখন অন্যান্য শারীরীক অবস্থার ক্ষেত্রে স্কুলগুলোকে তথ্য জানান হয়, একই প্রক্রিয়ায় স্কুলগুলোকে যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা প্রদান করতে হবে।
5. অনুরোধসাপেক্ষে প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি যুক্তিসঙ্গতভাবে সচেষ্ট হবেন যাতে প্রয়োজনের উপর ভিত্তি করে শিক্ষার্থী, পিতামাতা, অভিভাবক, কিংবা শিক্ষার্থীর সাথে পিতামাতাসূলভ বা তত্বাবধানমুলক সম্পর্কে আবদ্ধ ব্যক্তির জন্য একটি দুধ খাওয়ানর নির্ধারিত স্থানের ব্যবস্থা করতে পারেন যাতে স্কুলে বুকের দুধ সরবরাহের জন্য আসতে হয়, যদি না শিক্ষানির্দেশনাগত পরিষেবায় বাধা প্রদান ছাড়া এই বিশেষ স্থান প্রদান করা সম্ভব হয়। একটি দুধ খাওয়ানর নির্ধারিত স্থানটি হবে রেস্টরুম থেকে আলাদা একটি পরিচ্ছন্ন স্থান, যেখানে আড়াল দেওয়া থাকবে যাতে দেখা না যায় বা কেউ প্রবেশ করতে না পারে এবং যেখানে একটি ইলেক্ট্রিক্যাল আউটলেট, পাম্প ও অন্যান্য ব্যাক্তিগত জিনিস রাখার জন্য একটু সমতল জায়গা এবং একটি চেয়ার রাখার জায়গা থাকে। স্থানটির আশে-পাশে চলমান পানির ব্যবস্থা এবং বুকের দুধ সংরক্ষণের জন্য একটি রেফ্রিজারেটর বা যুক্তিসঙ্গত অপর কোনো বিকল্প ব্যবস্থা থাকতে হবে। যেসব শিক্ষার্থীর বুকের দুধ সংগ্রহ করে, তাদেরকে ক্লাস থেকে প্রয়োজনে যেতে দিতে হবে এবং অর্পিত কাজ, ক্লাসের কাজ, এবং এই প্রবিধানের সেকশন III.A.2-এর সাথে সামঞ্জস্য বিধান করে বাড়তি সহায়তা প্রদান করতে হবে।

B. উপস্থিতি প্রক্রিয়া

যদি কোনো শারীরীক কারণে অনুপস্থিত থাকতে হয়, তাহলে নিয়মিত উপস্থিতির প্রক্রিয়া অনুসরণ করতে

হবে। উপস্থিতি ও শারীরীক কারণে অনুপস্থিতি সংক্রান্ত মানদণ্ড ও প্রক্রিয়াসমূহ জানতে হলে অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান A-210 পর্যালোচনা করুন।

C. বাড়িতে শিক্ষানির্দেশনা

1. কোনো গর্ভবতী বা সন্তান লালনপালনকারী শিক্ষার্থীর রেকর্ডে থাকা স্কুল শিক্ষার্থীটির শিক্ষাগত কল্যাণের জন্য দায়বদ্ধ। কিছু কিছু শিক্ষার্থী বাড়িতে শিক্ষানির্দেশনা লাভের যোগ্য হতে পারে, যেমন শিক্ষার্থী বা শিক্ষার্থীর সন্তানের স্বাস্থ্যগত অবস্থার ভিত্তিতে যোগ্য বিবেচিত হলে। কোনো শিক্ষার্থী বাড়িতে শিক্ষানির্দেশনা লাভের অনুরোধ জানাতে পারে চ্যান্সেলরের প্রবিধান A-170 অনুযায়ী।

2. শিক্ষার্থীর রেকর্ডে থাকা স্কুলটিকে যখন ফিরে যাওয়ার নোটিস দেওয়া হবে, স্কুলের কর্মকর্তাদের তখন শিক্ষার্থীর দ্রুত প্রত্যাবর্তনের ব্যাপারে সহায়তা দিতে হবে। স্কুলটিকে অবিলম্বে সে শিক্ষার্থীকে গ্রহণ করতে হবে। কোনো অবস্থাতেই স্কুলে ফেরার জন্য প্রস্তুত কোনো শিক্ষার্থীকে গ্রহণ করতে কোনো স্কুল অস্বীকার করতে পারে না। সহজ উত্তরণের জন্য স্কুলকে শিক্ষার্থী, শিক্ষার্থীর পিতামাতা, এবং সংশ্লিষ্ট স্কুল স্টাফদের সাথে একটি সভার আয়োজন করতে হবে যেখানে স্কুলে যেসব গাইড্যান্স, শিক্ষানির্দেশনাগত ও সহায়তা পরিষেবা রয়েছে, সেগুলো সম্পর্কে পর্যালোচনা করা হবে এবং শিক্ষার্থীর ফিরে আসার জন্য একটি তৈরি করা যাবে। সন্তান লালনপালনকারী কোনো শিক্ষার্থীর স্কুলে ফিরে আসার পর নিচে সেকশন IV অনুসারে শিক্ষার্থীটিকে 'লিভিং ফর দা ইয়াং ফ্যামেলি থ্রু এডুকেশন' (LYFE) প্রোগ্রামের তথ্য প্রদান করতে হবে।

## IV. <u>গর্ভবতী বা সন্তান লালনপালনকারী শিক্ষার্থীর জন্য যেসব বিকল্প সুযোগ রয়েছে</u>

A. গর্ভবতী বা সন্তান লালনপালনকারী শিক্ষার্থীর অধিকার আছে তার বর্তমান স্কুলে থাকার। যদি কোনো শিক্ষার্থী চায় অন্য কোনো স্কুলে বদলি হতে, তাহলে স্কুলের প্রিন্সিপ্যাল বা ভারপ্রাপ্ত ব্যক্তির দায়িত্ব হবে শিক্ষার্থী এবং/অথবা শিক্ষার্থীর পিতামাতাদেরকে শিক্ষার্থীর গ্র্যাজুয়েশনের শর্তাবলি সাফল্যের সাথে পূরণের জন্য DOE-এর বিভিন্ন শিক্ষাগত সুযোগ সম্পর্কে অনুসন্ধান করতে সাহায্য করা।

B. কোনো গর্ভবতী শিক্ষার্থী তার বর্তমান স্কুলে থাকতে না চাইলে তাকে আসন খালি থাকা সাপেক্ষে শিক্ষার্থীর জোন স্কুলে বদলি করা যেতে পারে। প্রিন্সিপ্যাল, সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষক, এবং শিক্ষার্থী এবং/অথবা শিক্ষার্থীর পিতামাতা/অভিভাবক অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্টের সাথে কাজ করবেন যাতে শিক্ষার্থীর জন্য একটি উপযুক্ত কর্মসূচি খুঁজে পাওয়া যায়।

C. গর্ভবতী বা সন্তান লালনপালনকারী যে শিক্ষার্থী এমন স্কুলে পড়ছে যেখানে তার যাতায়াত করা কষ্টসাধ্য হলে সে যথোপযুক্ত প্রমাণসহ যাতায়াতের সমস্যাজনিত কারণে শিক্ষার্থীর বাসস্থানের নিকটবর্তী কোনো স্কুলে বদলির অনুরোধ জানাতে পারবে। প্রিন্সিপ্যাল, সংশ্লিষ্টতাযুক্ত শিক্ষক, এবং শিক্ষার্থী এবং/অথবা শিক্ষার্থীর পিতামাতা/অভিভাবক OSE-এর সাথে কাজ করবেন যাতে শিক্ষার্থীর জন্য একটি উপযুক্ত কর্মসূচি খুঁজে পাওয়া যায়।

D. LYFE প্রোগ্রাম ছয় সপ্তাহ থেকে তিন বছর বয়সী শিক্ষার্থীদের পিতামাতাদের ছেলেমেয়েদের ফ্রি, উচ্চ মানসম্পন্ন শিশু শিক্ষা প্রদান করে। নির্বাচিত কিছু DOE স্কুল সাইটে LYFE প্রোগ্রামের মাধ্যমে শিশু পরিচর্যার ব্যবস্থা রয়েছে। যদি কোনো গর্ভবতী বা সন্তান লালনপালনকারী শিক্ষার্থীর শিশু পরিচর্যার প্রয়োজন হয়, তাহলে স্কুলকে সে শিক্ষার্থীকে সরাসরি LYFE প্রোগ্রামের সাথে যোগাযোগ করতে সহায়তা দিতে হবে। LYFE প্রোগ্রামের সাথে যোগাযোগের তথ্য এই প্রবিধানের শেষে দেওয়া আছে।

E. এছাড়াও শিক্ষার্থীরা কোনো রেফারাল সেন্টার ফর হাই স্কুল অলটারনেটিভস্-এ তথ্য ও নির্দেশনার জন্য সাহায্য চাইতে পারে। রেফারাল সেন্টার ফর হাই স্কুল অলটারনেটিভস্-এ কাউন্সিলর ও স্পেশালিস্ট নিযুক্ত আছেন

যারা শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশনের পথে এগিয়ে যাওয়ার জন্য পরিকল্পনা তৈরিতে সহায়তা করতে পারবেন। সকল বরোর রেফারাল সেন্টারের সাথে যোগাযোগের তথ্য এই নথির শেষে দেওয়া আছে।

**V.** **প্রজনন স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ের গোপনীয়তা**

A. স্কুলের কর্মকর্তা ও প্রশাসকদের অবশ্যই সব সময় শিক্ষার্থী গর্ভধারণ, যৌনতা সংশ্লিষ্ট ঘটনা, HIV/AIDS (এইচআইভি/এইডস), এবং যৌনবাহিত রোগ সম্পর্কিত অতিশয় সংবেদনশীল প্রকৃতির তথ্য সম্পর্কে সজাগ থাকতে হবে। স্কুলের স্টাফদেরকে অবশ্যই পেশাদারিত্বের চর্চা করতে হবে এবং এসব বিষয় নিয়ে আলোচনাকালে শিক্ষার্থীর গোপনীয়তার প্রতি মর্যাদাশীল হতে হবে।

B. স্কুলের কর্মকর্তাগণ কোনো শিক্ষার্থীকে গর্ভ, যৌনবাহিত রোগ বা HIV/AIDS পরীক্ষা করানর দাবি করতে বা বাধ্য করতে পারবে না।

C. স্কুলের কর্মকর্তাগণ যেমন কোনো শিক্ষার্থী বা শিক্ষার্থীর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে শিক্ষার্থীর গর্ভ, যৌনবাহিত রোগ বা HIV/AIDS পরীক্ষা ফলাফল প্রদান করার দাবি করতে বা প্রদান করা বাধ্যতামূলক করতে পারবেন না, তেমনি পারবেন না কোন শিক্ষার্থী বা শিক্ষার্থীর স্বাস্থ্যসেবা প্রদানকারীকে শিক্ষার্থীর গর্ভধারণের সাথে সংশ্লিষ্ট পরিস্থিতি বা অবস্থা, HIV/AIDS, যৌন বাহিত রোগ, কিংবা যৌন কর্মকাণ্ডে লিপ্ততা সম্পর্কিত তথ্য প্রকাশ করায় বাদ্যবাধকতা আরোপ করতে পারবেন না।

D. স্কুলের কর্মকর্তাগণ কোনো শিক্ষার্থীকে কোনো গর্ভ, যৌনবাহিত রোগ বা HIV/AIDS পরীক্ষায় অংশগ্রহণ না করার বা ফলাফল না প্রকাশের জন্য, কিংবা গর্ভবতী, HIV+, শিক্ষার্থী পিতামাতা হওয়া, কিংবা STD সংক্রমণের জন্য স্কুল থেকে বহিষ্কার করতে পারবেন না। স্কুল কর্মকর্তা এ ধরনের কোনো পরীক্ষাধীন কোনো শিক্ষার্থীর স্কুলে অথবা স্কুলের প্রোগ্রামে উপস্থিতির শর্তারোপ করতে পারবেন না।

E. DOE পিতামাতা সংশ্লিষ্টতার ওপর গুরুত্ব দেয়। প্রিন্সিপ্যাল বা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি কোনো গর্ভবতী বা সন্তান লালনপালনকারী শিক্ষার্থীকে সহায়তার জন্য তার পরিবারকে পরিকল্পনা তৈরি ও বিভিন্ন বিকল্প বিবেচনায় সংশ্লিষ্ট করার জন্য যতটুকু উপযুক্ত হবে, ততটুকু প্রচেষ্টা অব্যাহত রাখতে পারবেন। যে ক্ষেত্রে শিক্ষার্থী পিতামাতাদের জানানো নিয়ে নিরাপত্তা বা অন্য কোনো ধরনের বিশেষ উদ্বেগ প্রকাশ করে, প্রিন্সিপ্যালকে অবশ্যই ব্যক্তিক পরিস্থিতি ও শিক্ষার্থীর অধিকারের বিষয়ি বিবেচনায় রেখে সেগুলো সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

F. যেসব শিক্ষার্থী যথাযথ ডাক্তারি ও সহায়তা পরিষেবা এবং এ ধরনের পরিষেবার জন্য রেফারেল পেতে চায়, কোন কিছুই সেগুলো প্রদান থেকে স্টাফদের বিরত রাখতে পারবে না। গর্ভবতী বা সন্তান লালনপালনকারী শিক্ষার্থীকে যেসব স্কুল স্টাফ পরামর্শ দেবেন, তাদেরকে অবশ্যই এ ধরনের শিক্ষার্থীদের নিজেদের ও তাদের সন্তান বা সন্তানদের ডাক্তারি পরিষেবা সম্পর্কিত অধিকার সংক্রান্ত স্টেট ও ফেডারেল আইন, এবং প্রবিধান সম্পর্কে অবহিত হতে হবে।

**VI. তদন্ত**

গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদের অধিকার সংক্রান্ত তদন্ত নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Title IX Coordinator
Office of Equal Opportunity
65 Court Street
Brooklyn, NY 11201
ফোন: 718-935-4987
Title_IX_Inquiries@schools.nyc.gov

এই প্রবিধানের বিষয়বস্তুর সাথে সম্পর্কিত গোপনীয়তা সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Legal Services
NYC Department of Education
52 Chambers Street – Room 308
New York, NY 10007
ফোন: 212-374-6888
asklegal@schools.nyc.gov

শিশু পরিচর্যা, স্বাস্থ্য ও কাউন্সেলিং সার্ভিস সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

LYFE Program
NYC Department of Education
500 Eighth Avenue, Suite 709
New York, New York 10018
ফোন: 212-609-8520
lyfe@schools.nyc.gov

গর্ভবতী ও সন্তান লালনপালনকারী শিক্ষার্থীদের গাইড্যান্স সংক্রান্ত তথ্যের জন্য সকল অনুসন্ধান নিচের কোনো একটি রেফারেল সেন্টারে পাঠাতে হবে:

ব্রংক্স রেফারাল সেন্টার

1010 Rev. James Polite Avenue, Room 436
Bronx, NY 10459
ফোন: 718-518-4530

সেন্ট্রাল ব্রুকলিন রেফারাল সেন্টার
Boys and Girls High School
1700 Fulton St. 3rd Floor, Room 383
Brooklyn, NY 11213

ফোন: 718-804-6750 এক্সটেনশন. 3831

ডাউনটাউন ব্রুকলিন রেফারাল সেন্টার
69 Schermerhorn Street
Brooklyn, NY 11201
ফোন: 718-935-9457

মিডটাউন ম্যানহ্যাটন রেফারাল সেন্টার
269 West 35th Street, 11th Floor
New York, NY 10018
ফোন: 212-244-1274

কুইন্স রেফারাল সেন্টার
162-02 Hillside Avenue
Queens, NY 11432
ফোন: 718-739-2100

স্ট্যাটেন আইল্যান্ড রেফারাল সেন্টার
450 St. Marks Place
Staten Island, NY 10301
ফোন: 718-273-3225